**প্রযুক্তিরনাম: আলুর ভাইরাস রোগের সমন্বিত দমন ব্যবস্থাপনা**

**প্রযুক্তিরছবি:**



সুস্থ আলুর গাছ



ভাইরাস রোগে আক্রান্ত গাছ

**বিস্তারিত বিবরণ:**

১। ভাইরাস মুক্ত প্রত্যায়িত আলু বীজ ব্যবহার করতে হবে।
২। আগাম জাতের আলু চাষ যা নভেম্বরের ২৫ তারিখের (১১ কার্তিক) মধ্যে করতে হবে এবং আগাম সংগ্রহ করতে হবে ।
৩। জমি আগাছা মুক্ত করতে হবে। জমির আশেপাশের বিকল্প পোষক গাছ যেমনঃ টমেটো, তামাক, মরিচ, ধুতুরা, বথুয়া, ফোসকা বেগুন ইত্যাদি থাকলে তা পরিষ্কার করতে হবে।
৪। সারিতে ভালভাবে মাটি উঁচু করে দিতে হবে।
৫। আলু গজানোর সাথে সাথে (৩০-৩৫ দিন বয়স হতে) নিয়মিত ভাবে ভাইরাস আক্রান্ত গাছ রোগিং অর্থ্যাৎ আলু সহ তুলে মাটির নীচে পুঁতে ফেলতে হবে।
৬। জাব পোকা বা সাদা মাছি দমনে কীটনাশক এডমায়ার মিশিয়ে অথবা ম্যালাথিয়ন প্রতি লিটার পানিতে ২ মি.লি. ১৫ দিন পর পর জমিতে নিয়মিত ভাবে স্প্রে করতে হবে।
৭। আলু গাছের বয়স ৮০ দিন হলে আলু গাছ শিকড়সহ তুলে ফেলতে হবে এবং এরপর কমপক্ষে ৮-১০ দিন আলু জমিতে মাটির নীচে রেখে দিতে হবে।

**বৈশিষ্ট্যসমূহ:**

আলুর **ভাইরাস** রোগ এই প্রযুক্তি দ্বারা শতকরা ৮০-৯০ ভাগ দমন করা যায় এবং ফলন **এই রোগের** ক্ষতি হতে শতকরা ৯০-১০০ রক্ষা হয়।